

স্মারক নং: সেকায়েপ/অ্যাকসেস/মাপসো/১৩/২০১১/ ২৩৬

তারিখ: ০৩/০৫/২০১৬

বিষয়: জানুয়ারি-জুন'২০১৬ প্রান্তিকের ৭ম-১০ম শ্রেণির পিএমটিভিত্তিক উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ নির্দেশিকা।

২০১৬ শিক্ষাবর্ষের জানুয়ারি-জুন প্রান্তিকের ৭ম থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের পিএমটিভিত্তিক উপবৃত্তির অর্থ ইতোমধ্যে সংশ্লিষ্ট অগ্রণী ব্যাংক শাখাসমূহে প্রেরণ করা হয়েছে এবং উপবৃত্তি প্রাপ্ত ছাত্রছাত্রীদের ছবিসহ তথ্য উপাত্ত সম্বলিত এসিএফ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে প্রেরণ করা হচ্ছে। উল্লিখিত প্রান্তিকের উপবৃত্তি ও টিউশন ফী নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণে বিতরণ করতে হবে;

১. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সংশ্লিষ্ট ব্যাংক কর্মকর্তা ও স্থানীয় কর্তৃপক্ষের সাথে সমন্বয় করে উপবৃত্তি বিতরণসূচি প্রস্তুত করবেন এবং বিতরণ শুরু পূর্বেই তার এক কপি দ্রুত প্রকল্প কার্যালয়ে ই-মেইল (seqaep.pmt@gmail.com)-এ প্রেরণ করবেন;
২. উপবৃত্তি বিতরণের সময়সূচি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি, শিক্ষকবৃন্দ, প্যারেন্ট টিচার্স এসোসিয়েশন (পিটিএ) ও ছাত্র-ছাত্রীদেরকে যথাযথভাবে অবহিত করতে হবে ;
৩. ছবিযুক্ত এসিএফ-এ প্রদত্ত শিক্ষার্থীর ছবির সাথে মিলেয়ে সঠিক শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদান করতে হবে। এসিএফ-এ কোন অযোগ্য ছাত্র-ছাত্রীর নাম অন্তর্ভুক্ত হলে অথবা একই ছাত্র-ছাত্রী অন্য কোন প্রতিষ্ঠানে অন্তর্ভুক্ত হলে তা চিহ্নিত করে এসিএফ-এ লাল কালিতে কেটে দিতে হবে ;
৪. এসিএফ-এ কোন অযোগ্য ছাত্র-ছাত্রীর নাম অন্তর্ভুক্ত হলে বা ছবির সাথে শিক্ষার্থীর নামের মিল না হলে তা চিহ্নিত করে এসিএফ-এ লাল কালিতে কেটে দিতে হবে ;
৫. উপবৃত্তি বিতরণ আগামী ১০/০৫/২০১৬ তারিখে শুরু করে ৩১/০৫/২০১৬ তারিখের মধ্যে শেষ করতে হবে;
৬. কোন ছাত্র-ছাত্রীর শ্রেণি ভুল হলে এসিএফ সংশোধনের জন্য প্রকল্প কার্যালয়ে প্রেরণ করবে। সংশোধিত এসিএফ পাওয়ার পরই উপবৃত্তি বিতরণ করতে হবে ;
৭. ২০১৬ সালের ১ম কিস্তির উপবৃত্তি বিতরণের সময় উপবৃত্তিদারী ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের JSC/JDC পরীক্ষায় উত্তীর্ণের ট্রান্সক্রিপ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদর্শন সাপেক্ষে উপবৃত্তি বিতরণ করতে হবে ;
৮. ২০১৬ শিক্ষাবর্ষের জানুয়ারি-জুন ৬ষ্ঠ-৮ম শ্রেণিতে ২৫.০০ টাকা এবং ৯ম-১০ম শ্রেণিতে ৩০.০০টাকা হারে টিউশনফি বিতরণ করতে হবে ;
৯. এসিএফ-এ মুদ্রিত কোন শিক্ষার্থীর বা অভিভাবকের নামের বানানগত ভুল থাকলে তা সংশোধন করে উপবৃত্তি বিতরণ করা যাবে;
১০. এসিএফ-এ মুদ্রিত কোন শিক্ষার্থীর বা অভিভাবকের নাম কেটে অন্য কোন নাম প্রতিস্থাপন বা শ্রেণি পরিবর্তন করে উপবৃত্তি বিতরণ করা যাবে না;
১১. উপবৃত্তি বিতরণ শেষে পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রকল্প কর্তৃপক্ষের পূর্ববর্তী নির্দেশনা অনুযায়ী নির্দিষ্ট ছক পূরণপূর্বক সংশ্লিষ্ট সকলের স্বাক্ষরসহ স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে ;
১২. উপবৃত্তি বিতরণ শেষে পরবর্তী ০৭(সাত) কার্য দিবসের মধ্যে সংযুক্ত নির্দিষ্ট ছক পূরণ করে হিসাব বিবরণী প্রকল্প কার্যালয়ে ই-মেইল (seqaep.pmt@gmail.com)-এ প্রেরণ করবে। উপবৃত্তি বাবদ অব্যয়িত অর্থ কোনটাসা (CONTASA) হিসাবে (হিসাব নং-STD-388/6) এবং টিউশন ফি বাবদ অব্যয়িত অর্থ জিওবি (GOB) হিসাব নম্বর ১৪৮৯৫৪ এ ফেরত প্রদান নিশ্চিত করতে হবে ;
১৩. উপবৃত্তি বিতরণ সংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র প্রতিষ্ঠান, ব্যাংক শাখা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়ে সংরক্ষণ করতে হবে। এ জন্য আবশ্যিকীয়ভাবে স্থায়ী রেজিস্টার ব্যবহার করতে হবে;
১৪. অডিট কর্তৃপক্ষসহ সকল কর্তৃপক্ষের নিকট প্রদর্শনের জন্য বিল ভাউচার, নথি ও রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে ;
১৫. উপবৃত্তি বিতরণে কোন প্রকার অনিয়ম বা অপচয়ের জন্য সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ব্যাংক কর্মকর্তা ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান অতিরিক্ত শিক্ষার্থীর বিপরীতে বিতরণকৃত উপবৃত্তি ও টিউশন ফির অর্থ প্রকল্প কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সরকারী কোষাগারে নির্ধারিত খাতে ফেরৎ দিতে বাধ্য থাকবেন। পিএমটিভিত্তিক উপবৃত্তি সংক্রান্ত যে কোন তথ্যের জন্য ফোন নং- ০২-৯৫৫৫১২৭ এ যোগাযোগ করা যেতে পারে।

এ অনুসরণীয় নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা

উপজেলা :....., জেলা :.....।

বিতরণ (অবগতি ও কার্যার্থে) :

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: পরিচালক, মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন উইং)
২. উপ মহাব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লি: পিসিএমডি, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
(বর্ণিত নির্দেশনার আলোকে সংশ্লিষ্ট সকল ব্যাংক শাখাকে প্রয়োজনীয় নির্দেশনা জারি করার অনুরোধসহ)।
৩. জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা.....।
৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা....., জেলা.....।

ড. মোঃ মাহামুদ-উল-হক

অতিরিক্ত সচিব

ও

প্রকল্প পরিচালক

সেকায়েপ, ঢাকা।

ফোন:০২-৯৫৫৫১৩৭